

# একুশ শতকের বাংলা উপন্যাস

১

সংকলক ও সম্পাদক

প্রাপ্তি চক্রবর্তী

  
দেয়া পাবলিকেশন

**Ekush Shataker Bangla Upanyas**  
Edited by : *Prapti Chakraborty*

Published by

Diya Publication, 44/1A Beniatola Lane, Kolkata-700009

Phone : 9830444918/28, 6291811415

e-mail : [diyapublication@gmail.com](mailto:diyapublication@gmail.com)

Website : [www.diyapublication.com](http://www.diyapublication.com)

facebook : দিয়া পাবলিকেশন কলকাতা

ISBN : 978-93-92110-38-2

প্রথম প্রকাশ : নভেম্বর ২০২১

মূল্য ২৮০.০০

## সূচিপত্র

আফসার আমেদের 'অশ্রুমঞ্জল' উপন্যাসে মুসলিম নারীর অস্তঃপুরের জীবন যন্ত্রণা  
মাবুদ সেখ

১

'এখন এই মন' : এক অনন্ত সত্তার ক্যানভাস  
অনির্বাণ সাহু

৭

মতি নন্দীর 'বিজলিবালায় মুক্তি' : এক নিষ্ঠাবতী ধর্মাশ্রয়ী হিন্দু বিধবার  
সংস্কার-অতিক্রমণের আখ্যান

উদয় রতন মুখার্জী

১৫

রামকুমার মুখোপাধ্যায়ের 'দুখে কেওড়া' : নিম্নবর্গের জীবন  
দীপঙ্কর দে

২০

'চাঁদের গায়ে চাঁদ' উপন্যাসে সমকামী ভাবনা

টুম্পা খাতুন

২৫

'আগুনপাথি' : অস্তিত্বসংকট, উত্তরণ ও আত্মের অবিরত নির্মাণের আখ্যান  
স্নিগ্ধা চক্রবর্তী

৩০

ঝড়েব্বর চট্টোপাধ্যায়ের 'জোড়কলম' : সময়ের নিরিখে মানুষের নতুন করে বেঁচে  
থাকার এক নব উদ্যম

সঞ্জিতা সাহা

৩৭

হরিশংকর জলদাসের 'জলপুত্র' : কাহিনি ও ঘটনার বিন্যাস কৌশল  
উষী মুখোপাধ্যায়

৪৩

## হরিশংকর জলদাসের 'জলপুত্র' : কাহিনি ও ঘটনার বিন্যাস কৌশল উবী মুখোপাধ্যায়

'জলপুত্র'<sup>১</sup> সমুদ্রকেন্দ্রিক জলজীবনের ওপর লেখা একমাত্র উপন্যাস। জেলেদের জীবন নিয়ে ইতিপূর্বেও একাধিক উপন্যাস লেখা হয়েছে। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' কিংবা অম্বিক মল্লবর্মণের 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে জেলেদের কথা উঠে এসেছে। কিন্তু এই উপন্যাসগুলো ছিল প্রধানত নদীকেন্দ্রিক। সমুদ্রে মাছ ধরতে যাওয়া জেলেদের জীবনের কথা উঠে এসেছে হরিশংকর জলদাসের একাধিক উপন্যাসে। জলপুত্র সেরকমই একটি উপন্যাস। হরিশংকর জলদাস নিজে জেলে সন্তান। জেলেদের দুঃখ-দুর্দশাকে তিনি সারাজীবন প্রত্যক্ষ করেছিলেন। নিজে শিক্ষিত হয়ে তাই যখন কলম ধরলেন, প্রথমেই লিখলেন তার নিজের জীবনের কথা। জলপুত্র, দহনকাল থেকে শুরু করে তাঁর একাধিক গল্প উপন্যাসে উঠে এসেছে জলজীবনের কথা। তাদের সমাজ ব্যবস্থা, তাদের সংস্কৃতির নানা অনুষ্ঠানের কথা যেমন এসেছে তার রচনায় তেমনই তিনি তুলে ধরেছেন জেলেদের জীবনে বঞ্চনা ও শোষণের ছবি, দেখিয়েছেন জেলেদের সংঘবন্দ্য হয়ে প্রতিরোধ গড়ে তোলার প্রচেষ্টাকেও। মুক-বধির জেলেদেরও যে ভাষা আছে, তারাও যে কথা বলতে জানে, নিজেদের অধিকার বুঝে নিতে পারে—'জলপুত্র' উপন্যাসে যেন তারই ভাষা নির্মিত হয়েছে।

মাত্র সতেরোটি পরিচ্ছেদে বিন্যস্ত 'জলপুত্র' উপন্যাসের মূল আখ্যানবৃত্ত আবর্তিত হয়েছে জেলে জীবনের নানা অনুষ্ঠানকে কেন্দ্র করে। কেন্দ্রীয় চরিত্র ভুবনেশ্বরী ও তার পুত্র গঙ্গাপদকে কেন্দ্র করে আবর্তিত হলেও আখ্যানে জায়গা করে নিয়েছে আরও অনেক উপকাহিনি। গোপাল-বকুলির সংসার, বংশীর মায়ের জীবন কিংবা গুড়াবির কাহিনি কথক অত্যন্ত নিরাসক্ত দৃষ্টিতে বর্ণনা করে গেছেন। জেলেদের জীবনে আশার আলো দেখার পথে এক ধাপ পা বাড়ানোর আখ্যান যেন এই উপন্যাস। ভুবনেশ্বরী প্রথম জেলে নারী যে প্রতিবাদ করেছিল। জেলেদের শোষণের বিরুদ্ধে একত্রিত হয়ে সংগ্রামের পথে পা বাড়িয়েছিল গঙ্গাপদ। সে উপলব্ধি করেছিল প্রতিবাদ প্রতিরোধ গড়ে না তুললে এই শোষণ বঞ্চনার অস্ত্র হবে না। যদিও আখ্যানের শেষে আমরা দেখি গঙ্গাপদ বার্থ হচ্ছে, ষড়যন্ত্র করে তাকে হত্যা করা হচ্ছে। গঙ্গাপদের মৃত্যু বিফলে যায়নি, সে যে বিদ্রোহের সুর বেঁধে দিয়েছিল জেলেদের মনের মধ্যে তার যাত্রাপথের সূচনা হয় এখানেই।